



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.mowca.gov.bd

## বিজ্ঞপ্তি

নং-৩২.০০.০০০০.০৪২.২৩.০০৪.২২.১৫

তারিখঃ ১০ মাঘ ১৪২৮  
২৪ জানুয়ারি ২০২২

### বিষয় : বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব পদক-২০২২ প্রদান

রাজনীতি, অর্থনীতি, শিক্ষা, সংস্কৃতি ও ক্রীড়া, সমাজসেবা, স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ, গবেষণা, কৃষি ও পল্লিউন্নয়ন এবং সরকার কর্তৃক নির্ধারিত অন্য যে কোন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান ও গৌরবোজ্জ্বল ভূমিকার স্বীকৃতিস্বরূপ সরকার কর্তৃক সর্বোচ্চ ০৫ (পাঁচ) জন বাংলাদেশী নারীকে 'বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব পদক-২০২২' প্রদান করা হবে। উল্লিখিত যেকোন ক্ষেত্রে অবদান রেখেছেন এমন বাংলাদেশী নারীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

০২। 'বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব পদক নীতিমালা- ২০২১' এবং আবেদনপত্রের নির্ধারিত 'ছক' মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.mowca.gov.bd) এবং জাতীয় মহিলা সংস্থার ওয়েবসাইট (www.jms.gov.bd) থেকে সংগ্রহ করা যাবে। নির্ধারিত 'ছক' ব্যতিত অন্য কোন 'ছক'-এ আবেদন গ্রহণ করা হবে না।

০৩। আগ্রহী প্রার্থীদের পদক প্রাপ্তির ক্ষেত্রে উল্লেখপূর্বক আগামী ০৮ মার্চ ২০২২ তারিখের মধ্যে নির্ধারিত 'ছক' অনুযায়ী আবেদনের সফট কপি ই-মেইলে [sasadm2@gmail.com (Nikosh ফন্টে MS Word File-এ)] এবং ডাকযোগে/সরাসরি ০২ (দুই) সেট হার্ড কপি সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

স্বাক্ষর  
২৪.০১.২০২২  
(আফরোজা বেগম)  
সহকারী সচিব  
☎ ৯৫৪০২৪১